হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়



আহসান মঞ্জিলে হানিয়া আমিরের একদিন -পৃষ্ঠা-৩

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৪৭ ঃ মেহেরপুর- রোববার ২১ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ৬ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২৭ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



## শুভ মহালয়া আজ

নিজস্ব প্রতিবেদক

বাঙালি হিন্দু ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গোৎসবের পুণ্য লগ্ন শুভ মহালয়া আজ।
এদিন থেকেই শারদীয় দুর্গোৎসবের ক্ষণ গণনা শুরু হচ্ছে। ভোরের আলো ফুটে ওঠার সঙ্গে সঙ্গে পিতৃপক্ষ শেষে শুরু হচ্ছে দেবীপক্ষ। চন্ডীপাঠের মধ্য দিয়ে মর্ত্যে দেবী দুর্গাকে জানানো হবে আহ্বান।
মহালয়া উপলক্ষে চন্ডীপাঠ ছাড়াও বিভিন্ন মন্দির ও মণ্ডপে মহালয়ার ঘট স্থাপন ও বিশেষ পূজা অনুষ্ঠিত হবে। মূলত মহালয়া মানেই দুর্গাপূজার দিন গণনা শুরু হয়ে যাওয়া।
মহালয়া দুর্গোৎসবের একটি গুরুত্বপূর্ণ অংশ। পুরাণে আছে- দুর্গোৎসবের তিনটি পর্ব- মহালয়া, বোধন আর সন্ধিপূজা। মহামায়া অসীম শক্তির উৎস। পুরাণ মতে, মহালয়ার দিনে, দেবী দুর্গা মহিষাসুর বধের

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর সীমান্তে পতাকা বৈঠকে ১৮ বাংলাদেশিকে হস্তান্তর

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্তে পতাকা বৈঠকের মাধ্যমে ১৮ জন বাংলাদেশি নাগরিককে ভারতের সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) বিজিবির নিকট হস্তান্তর করেছে। শুক্রবার রাত ৯টার দিকে বাংলাদেশের ভেতরে কবর নামক স্থানে সীমান্ত পিলার ১৪৭/এমপি'র কাছে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্নেল মোঃ মাহবুব মুর্শেদ রহমান পিএসসি জানান, ভারতের ১১ ব্যাটালিয়ন বিএসএফ-এর গান্দিনা কোম্পানি কমান্ডার পত্রের মাধ্যমে ওই ১৮ বাংলাদেশি নাগরিককে ফেরত প্রদানের প্রস্তাব পাঠান। তালিকায় উল্লেখিত প্রত্যেকের ঠিকানা যাচাই করে বিজিবি নিশ্চিত

২-এর পৃষ্ঠা দেখুন

## বিএনপির উদ্যোগে চিকিৎসা ক্যাম্প উপকৃত হাজারো মানুষ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের উদ্যোগে সদর উপজেলার বারাদী ইউনিয়নে অনুষ্ঠিত হলো এক ব্যতিক্রমধর্মী জনকল্যাণমূলক কর্মসূচি, বিনামূল্যে চিকিৎসা সেবা ও ওষুধ বিতরণ। গতকাল শনিবার সকাল ১১টায় মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে উদ্বোধন করেন অ্যাডভোকেট কামরুল হাসান । কুস্টিয়া ল্যাবকেয়ারের চেয়ারম্যান ডা. সজিবুল হক সহ স্থানীয় চিকিৎসক ও স্বেচ্ছাসেবকদের সহযোগিতায় আয়োজিত এই চিকিৎসা ক্যাম্পে প্রায় ২ হাজার মানুষ সেবা গ্রহণ করেন। সাধারণ সর্দি-জ্বর, গ্যাস্ট্রিক, ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, চর্মরোগসহ নানা রোগে আক্রান্তদের বিনামূল্যে চিকিৎসা ও প্রয়োজনীয় ওষুধ সরবরাহ করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, "বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ঘোষিত ৩১ দফা বাস্তবায়নের অংশ হিসেবে সাধারণ মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে আমাদের এই প্রচেষ্টা। দেশের বর্তমান অর্থনৈতিক বাস্তবতায় অনেকেই চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে, আমরা তাদের পাশে থাকতে চাই।" এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, বারাদী ইউনিয়ন বিএনপির সভাপতি আফারুল ইসলাম ডাবলু, সাধারণ সম্পাদক কামরুজ্জামান মুকুল, সাংগঠনিক সম্পাদক রাশেদুল ইসলাম জাদু, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, বারাদী ইউনিয়ন



২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর সীমান্তে গাঁজাসহ আটক ৩

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার রংমহল সীমান্ত থেকে ৩ কেজি গাঁজাসহ তিনজনকে আটক করেছে বিজিবি। আজ শনিবার (২০ সেপ্টম্বর) সকাল ১১টার দিকে তাদের আটক করে। কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্নেল মোঃ মাহবুব মুর্শেদ রহমান

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় আবাসিকে প্রকৌশলীর মরদেহ উদ্ধার

চুয়াডাঙ্গা প্রতিবেদক

চুয়াডাঙ্গা শহরের একটি আবাসিক হোটেল থেকে মামুনুর রহমান মাসুম (৩৫) নামের এক টেক্সটাইল প্রকৌশলীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। গতকাল শনিবার (২০ সেপ্টেম্বর) বেলা ১টার দিকে হোটেল কর্তৃপক্ষ তার কক্ষ থেকে কোনো সাড়া না পেয়ে পুলিশকে খবর দিলে, সদর থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করে। নিহত মামুনুর রহমান মাসুম চুয়াডাঙ্গা পৌর এলাকার কেদারগঞ্জ সবুজপাড়ার মুজিবর রহমানের ছেলে। পেশায় তিনি একজন টেক্সটাইল ইঞ্জিনিয়ার। বর্তমানে

২-এর পৃষ্ঠা দেখুন



## আমঝুপি বালিকা বিদ্যালয়ের কাবাডি চ্যাম্পিয়ন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার ক্রীড়া সমিতির উদ্যোগে অনুষ্ঠিত ৫২তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার মেয়েদের কাবাডি খেলায় আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় উপজেলা চ্যাম্পিয়ন হয়েছে।

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ায় রোগীবাহী অ্যাম্বুলেন্সে ডাকাতি

কুষ্টিয়া প্রতিবেদক

কুষ্টিয়ার দৌলতপুরে রোগীবাহী একটি অ্যাম্বুলেন্সে ডাকাতির ঘটনা ঘটেছে। শুক্রবার দিবাগত রাত ১টার দিকে উপজেলার খলিশাকুণ্ডি ইউনিয়নের পিপুলবা-ড়িয়া মাঠ এলাকায় এ ঘটনা ঘটে। ডাকাতরা অ্যাম্বুলেন্স থামিয়ে রোগীর স্বজনদের কাছ থেকে অন্তত ৩০ হাজার টাকা ছিনিয়ে নিয়েছে।
স্থানীয় সূত্রে জানা গেছে, অ্যাম্বুলেন্সটি দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে লিটন নামে এক স্ট্রোকের রোগীকে নিয়ে কুষ্টিয়া সদর হাসপাতালে যাচ্ছিল। পথে ডাকাতেরা পিপু

২-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় গরু কেনাবেচার জেরে দুই ভাইকে হত্যা

চুয়াডাঙ্গা প্রতিবেদক

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী গ্রামে গরু কেনাবেচা নিয়ে বিরোধের জেরে আপন দুই ভাইকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করেছে প্রতিপক্ষ। এ ঘটনায় আহত হয়েছেন আরও একজন ভাই। নিহতরা হলেন- উথলী গ্রামের মাঝেরপাড়ার বাসিন্দা মৃত খোদা বক্স মণ্ডলের দুই ছেলে মিন্টু আনোয়ার (৫৫) ও আমির হামজা (৪৫)। আহত হন

২-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় শত বছরের পুরোনো রুপাসদৃশ মুদ্রা উদ্ধার

চুয়াডাঙ্গা প্রতিবেদক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে দোকান নির্মাণের সময় স্থানীয়রা শত বছরের পুরোনো রুপাসদৃশ ধাতব মুদ্রা উদ্ধার করেছে। মুদ্রাগুলো বর্তমানে পরীক্ষা-নিরীক্ষার জন্য প্রস্তুত করা হচ্ছে। স্থানীয় সূত্রে জানা গেছে, শহিদুল ইসলাম গতকাল শনিবার (২০ সেপ্টেম্বর) সকালে দোকান নির্মাণের জন্য মাটি খুঁড়তে গিয়ে একটি মাটির পাত্র দেখতে পান। পাত্রটি খোলার পর ভেতরে প্রচুর রুপাসদৃশ ধাতব মুদ্রা পাওয়া যায়। খবর ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গে

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ার দৌলতপুরে বজ্রপাতে শিশুসহ দুইজনের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় বজ্রপাতে শিশুসহ দুইজনের মৃত্যু হয়েছে।গতকাল শনিবার (২০ সেপ্টেম্বর) দুপুরে উপজেলার শিতলাইপাড়া ও বিলগাথুয়া গ্রামে পৃথক এ দুটি দুর্ঘটনা ঘটে।নিহতরা হলেনন শিতলাইপাড়া গ্রামের পলাশ মণ্ডলের ছেলে ও স্থানীয় এক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির শিক্ষার্থী সাইফ হোসেন তোহা (১০) এবং বিলগাথুয়া গ্রামের মৃত মতিউর রহমানের ছেলে কৃষক জামাত আলী (২৫)। এ ঘটনায় মকবুল হোসেন (৫৩) নামে আরও একজন আহত হয়ে চিকিৎসাধীন রয়েছেন। স্থানীয় সূত্র জানায়, দুপুরে বাড়ির পাশের একটি পুকুরে মাছ ধরছিল তোহা। এ

২-এর পৃষ্ঠা দেখুন



## তুষার স্মৃতি নাইট ফুটবলে বুলু আইজ চ্যাম্পিয়ন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ফৌজদারী পাড়া যুব সংঘের আয়োজনে মরহুম তুষার স্মৃতি নাইট ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গতকাল শুক্রবার (১৯ সেপ্টেম্বর) রাতে মেহেরপুর সরকারি বালক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়েছে। ফাইনালে বুলু আইজ ২-০ গোলে ফ্যালকন বয়েজকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে। উভয় দলই দর্শকদের জন্য আকর্ষণীয় ফুটবল প্রদর্শন করলেও গোলের দিক থেকে বুলু আইজ এগিয়ে থাকায় তারা ট্রফি জয়ের গৌরব অর্জন করে।

২-এর পৃষ্ঠা দেখুন

## এবার ফিলিস্তিনকে স্বীকৃতি দিচ্ছে পর্তুগাল

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিন রাষ্ট্রকে আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়ার ঘোষণা দিয়েছে পর্তুগাল। এর আগে অস্ট্রেলিয়া, কানাডা, ফ্রান্স এবং যুক্তরাজ্য একই ধরনের পদক্ষেপ নিয়েছে। পর্তুগালের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, রোববার (২১ সেপ্টেম্বর) আনুষ্ঠানিকভাবে ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়া হবে। এর একদিন পর নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদে ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠা নিয়ে উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হবে। পর্তুগিজ সংবাদমাধ্যম কোরিও দা মানহা জানিয়েছে, প্রধানমন্ত্রী লুইস মন্টেনেগ্রো এই সিদ্ধান্ত নেওয়ার আগে প্রেসিডেন্ট ও পার্লামেন্ট সদস্যদের সঙ্গে পরামর্শ করেন। প্রায় ১৫ বছরের

২-এর পৃষ্ঠা দেখুন

## বাহরাইন যুবদলের সভাপতি মুজিবনগরের রাশেদ রানা

নিজস্ব প্রতিবেদক



বাহরাইন গুদাবিয়া শাখা যুবদলের সভাপতি নির্বাচিত হয়েছেন মেহেরপুরের মুজিবনগরের রাশেদ রানা। গত বৃহস্পতিবার স্থানীয় এক রেস্তোরাঁয় আলোচনা সভা, আংশিক কমিটি ঘোষণা ও দোয়া মাহফিলে এ কমিটি গঠন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাহরাইন কেন্দ্রীয় যুবদলের সভাপতি আলাউদ্দিন গাজী এবং প্রধান অতিথি ছিলেন বাহরাইন কেন্দ্রীয় বিএনপি'র সভাপতি আক্তারুজ্জামান মিয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিএনপি ও যুবদলের বিভিন্ন নেতৃবৃন্দ। ঘোষিত কমিটির অন্যান্য পদে রয়েছেন সাধারণ সম্পাদক ফরিদ জামান ও সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান। আলোচনা সভা শেষে বিএনপি'র প্রতিষ্ঠাতা

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর {বাংলাদেশের যাত্রা শুরু মেহেরপুর থেকে}

আগে ছিল একশো বেডের
এখন হইলো আড়াইশো
স্বাস্থ্য সেবা শুরু হল
লোকে বলছে ভালোই তো।
ডাক্তার নাকি এসে গেছে
শুরু হবার আগে
কপাল মোদের হয় যদি ভালো
যদি ডাক্তার থাকে।
রোগী নিয়ে ছুটতে হতো
রাজশাহী অথবা ঢাকাতে
এখন থেকে পাব সেবা
নিজ জেলার?ই বাড়িতে।
এত বড় আয়োজনে
শুরু হলো শুভ উদ্বোধন
ঢাকা সহ সারা দেশের
আসলো কত গুণীজন।

### মেহেরপুরে নিত্যপণ্যের লাগামছাড়া দাম

## ডিম, মুরগি, সবজি ও ইলিশের চড়া দামে চাপে সীমিত আয়ের মানুষ

নিজস্ব প্রতিবেদক

নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজারে অস্থিরতা থামছেই না। বাজারে গিয়ে হাতের ঝুড়ি ভরার আগে সাধারণ ক্রেতাদের ভ্রু কুঁচকে যাচ্ছে। গরিবের আমিষ বলা হয় যে ডিমকে, সেটিও এখন সীমিত আয়ের মানুষের নাগালের বাইরে চলে গেছে। এক ডজন ডিম কিনতে গুনতে হচ্ছে ১৩২ টাকা পর্যন্ত। শুধু ডিম নয়, ব্রয়লার থেকে দেশি সব ধরনের মুরগির দামও বেড়েছে হু হু করে। গতকাল মেহেরপুর বিভিন্ন বাজার ঘুরে দেখা গেছে ব্রয়লার মুরগি কেজি প্রতি ১৯০-২০০ টাকা, সোনালী ৩০০ টাকা এবং দেশি মুরগি ৬০০ টাকা দরে বিক্রি হচ্ছে। বাজারে সবজির ঝুড়িতেও আগুন লেগেছে। কয়েক সপ্তাহ আগে কিছুটা কমলেও টানা বৃষ্টির কারণে ফের ঊর্ধ্বমুখী সবজির বাজার। বিক্রেতাদের দাবি, অতিরিক্ত বৃষ্টিতে জমির সবজি নষ্ট হয়ে যাচ্ছে, ফলে সরবরাহ কমে গেছে।গতকাল বড়বাজারে দেশি গাজর বিক্রি হয়েছে কেজি ১৬০ টাকায়, শসা ৮০, উচ্ছে ৭০, বরবটি ৯০, ঢেঁড়স ৬০-৭০, কচুরমুখি ৬০-৭০, চিচিঙ্গা ও পটোল ৫০, ঝিঙা ৬০, আর কাঁচা মরিচ ২০০ টাকায়। ধনেপাতা বিক্রি হয়েছে ৩০০ টাকা দরে। আকারভেদে প্রতিটি লাউ ও চালকুমড়া বিক্রি হয়েছে ৬০ টাকায়। কেবল সবজি নয়, অন্যান্য নিত্যপণ্যও চড়া দামে

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে বনজ ও ফলজ গাছের চারা বিতরণ করা হয়েছে।গতকাল শনিবার (২০ সেপ্টম্বর) সকালে উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ কার্যক্রম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে সূর্যোদয় আবৃত্তি অনুষ্ঠান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে সূর্যোদয় আবৃত্তি সংসদের আলোচনা ও আবৃত্তি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার (২০ সেপ্টম্বর) বিকেলে মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে এ অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ রোববার ॥ ৬ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ২১ সেপ্টেম্বর ২০২৫ইং

# ফেব্রুয়ারির শুরুতে জাতীয় নির্বাচন আয়োজনের প্রস্তুতি

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জানিয়েছেন, আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধে জাতীয় নির্বাচন আয়োজনের প্রস্তুতি চলছে। নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে সরকার ইতিমধ্যে নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। বৃহস্পতিবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় নেদারল্যান্ডসের নবনিযুক্ত রাষ্ট্রদূত বোরিস ফন বোমেল সৌজন্য সাক্ষাতে গেলে প্রধান উপদেষ্টা এসব কথা বলেন। সাক্ষাৎকালে আসন্ন সাধারণ নির্বাচন, দ্বিপক্ষীয় সম্পর্ক, বাণিজ্য ও কৃষি খাত, এবং কক্সবাজারে রোহিঙ্গা শরণার্থীদের মানবিক সংকট বিশেষভাবে আলোচিত হয়। রাষ্ট্রদূত বাংলাদেশের গণতান্ত্রিক রূপান্তরের প্রতি নেদারল্যান্ডসের সমর্থন পুনর্ব্যক্ত করেন। ড. ইউনূস বলেন, "আমাদের মধ্যে অনেক মিল রয়েছে। আমরা একসঙ্গে অনেক কিছু গড়ে তুলতে পারি এবং অভিজ্ঞতা থেকে শিখতে পারি।" এসময় তিনি কক্সবাজারে অবস্থানরত ১০ লাখের বেশি রোহিঙ্গা শরণার্থীর সহায়তায় নেদারল্যান্ডসের বাড়তি সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান, জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনের সময় রোহিঙ্গা সংকট নিয়ে একটি উচ্চপর্যায়ের আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হবে। এতে আন্তর্জাতিক সমর্থন ও প্রয়োজনীয় অর্থায়ন জোরদার হবে বলে তিনি আশা প্রকাশ করেন। একইদিন রাতে অ্যানথ্রোপোসিন ইনস্টিটিউটের চেয়ারম্যান কার্ল পেজ ও তাঁর সহকর্মীদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন প্রধান উপদেষ্টা। সেখানে তিনি বলেন, বাংলাদেশকে এখনই পরিচ্ছন্ন, নিরাপদ ও সাশ্রয়ী জ্বালানি সমাধানের দিকে এগোতে হবে। গুগলের সহ-প্রতিষ্ঠাতা ল্যারি পেজের ভাই কার্ল পেজ বলেন, উদ্ভাবনে বাংলাদেশের শক্তিশালী রেকর্ড রয়েছে। এ কারণে দেশটি পরিচ্ছন্ন জ্বালানির রূপান্তরে নেতৃত্ব দিতে সক্ষম। সভায় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন এবং এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক লামিয়া মোরশেদ। এদিকে, টানা দ্বিতীয় মেয়াদে চার বছরের জন্য ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়নের (ইউপিইউ) প্রশাসনিক কাউন্সিলে পুনর্নির্বাচিত হওয়ায় সংশ্লিষ্ট প্রতিনিধি দলকে অভিনন্দন

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



## ইনডোর প্ল্যান্টের যত্নে ৫ নিয়ম

সূর্যোদয় প্রতিবেদন

ইনডোর প্ল্যান্টের ব্যবহার যে ঘরে শুধুমাত্র সতেজতাই নিয়ে আসে এমনটা নয়, বরং সৌন্দর্য বাড়াতেও এর জুড়ি নেই। তবে অনেকেই মনে করেন ইনডোর প্ল্যান্টের বেশি যত্নের প্রয়োজন নেই। কিন্তু বিশেষজ্ঞরা বলছেন, সাধারণ গাছের তুলনায় ইনডোর প্ল্যান্টের বেশি যত্নের প্রয়োজন। তাই ঘরে থাকা গাছের যত্ন নিতে কিছু বিষয় অবশ্যই খেয়াল রাখুন। ১। ঘরে আছে বলে নিয়মিত পানি দেবেন না, তা কিন্তু নয়। রোজ অল্প অল্প করে পানি দিন। তবে নজর রাখবেন পাত্রে যেন পানি জমে না থাকে। ২। গাছ কখনোই অল্প আলো বা কড়া রোদে রাখবেন না। গাছ এমন জায়গায় রাখুন সব সময় পর্যাপ্ত আলো বাতাস পায়। ৩। কখনোই এসির নিচে রাখবেন না গাছ। চেষ্টা করুন গাছ রাখার জায়গাটা এসির থেকে দূরেই রাখুন। এতে গাছ ঠিকঠাক বৃদ্ধি পাবে। ৪। পানিতে কাপড় ভিজিয়ে মাঝে মধ্যে গাছের পাতা পরিষ্কার করুন। কিংবা কাঁচা দুধ তুলাতে ভিজিয়ে গাছের পাতা মুছে দিন। এ উপায়ে তরতাজা থাকবে গাছ। ৫। লক্ষ্য রাখুন গাছের টবে যেন পোকামাকড় না আসে। কাঁচা

৩-এর পৃষ্ঠা দেখুন



## আহলে হাদিস আন্দোলনের কমিটি পুনর্গঠন ও সুধী সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

আহলে হাদিস আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে জেলা ও উপজেলা কমিটির পুনর্গঠন ও সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুরে মেহেরপুর উপজেলার উত্তর শালিকা গ্রামে এ অনুষ্ঠান হয়। উত্তর শালিকা আহলে হাদিস আন্দোলনের সভাপতি আলহাজ্ব বাণী হোসেনের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি ছিলেন সংগঠনের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল অধ্যাপক মাওলানা মো. নুরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুব বিষয়ক সম্পাদক শায়েখ আব্দুর রশিদ আখতার, কেন্দ্রীয় দপ্তর সম্পাদক ড. মো. আব্দুল হালিম ও কেন্দ্রীয় পরিষদ সদস্য মাওলানা

৩-এর পৃষ্ঠা দেখুন

## কৃষিজমি সুরক্ষায় কঠোর অধ্যাদেশ আসছে

সূর্যোদয় প্রতিবেদন

ক্রমবর্ধমান জনসংখ্যা, অপরিকল্পিত নগরায়ন এবং বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের কারণে দেশের কৃষিজমি হ্রাস পাচ্ছে। এই কৃষিজমি রক্ষায় দীর্ঘদিন ধরেই একটি আইন প্রণয়নের প্রক্রিয়া চলছিল। অবশেষে অন্তর্বর্তী সরকারের উদ্যোগে কৃষিজমি সুরক্ষায় কঠোর একটি অধ্যাদেশ আনার পরিকল্পনা এগোচ্ছে। ভূমি মন্ত্রণালয় 'ভূমি ব্যবহার ও কৃষিভূমি সুরক্ষা অধ্যাদেশ, ২০২৫'-এর খসড়া তৈরি করেছে। খসড়ায় কৃষিজমি সুরক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে। এতে বলা হয়েছে, কৃষিজমিতে অকৃষি কার্যক্রম করলে সর্বোচ্চ দুই বছরের কারাদণ্ড ও এক কোটি টাকা জরিমানা হতে পারে। খসড়া অধ্যাদেশ অনুযায়ী, 'বাংলাদেশ ভূমি জোনিং ও ভূমি সুরক্ষা

৩-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সমিতির উদ্যোগে ৫২তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা শুরু হয়েছে। শনিবার সকালে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে প্রতিযোগিতার উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ আনোয়ার হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ মনিরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানী। উদ্বোধনী অনুষ্ঠানে ইউএনও আনোয়ার হোসেন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, "খেলাধুলার

৩-এর পৃষ্ঠা দেখুন

## জোট গঠনে পর্দার আড়ালে তৎপরতা

সূর্যোদয় প্রতিবেদন

আগামী সংসদ নির্বাচনকে সামনে রেখে দেশের রাজনৈতিক দলগুলো নতুন কৌশল এবং জোট গঠনের পরিকল্পনায় তৎপর। যদিও বিভিন্ন দলের নেতারা জনমুখে আন্দোলন চালাচ্ছেন, তবে ভেতরে ভোট এবং নির্বাচনি জোট নিয়ে হিসাব-নিকাশও শুরু হয়ে গেছে। দীর্ঘদিনের মিত্র বিএনপি ও জামায়াতে ইসলামী এবার আলাদা পথে এগোচ্ছে। বিএনপি ও জামায়াত পৃথক জোট গঠনের জন্য বিভিন্ন দলের সঙ্গে আলোচনা চালাচ্ছে। জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-সহ আরও কয়েকটি দলও জোট গঠনের সম্ভাবনা রাখছে। এছাড়া বামপন্থি ও ইসলামি দলের মধ্যে আলাদা জোট গঠনের খবরও রয়েছে। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, বিএনপি এখন মাঠে একমাত্র প্রধান প্রতিদ্বন্দ্বী

৩-এর পৃষ্ঠা দেখুন



## বিএনপি ফিনিক্স পাখির মতো"- মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

অনেক ষড়যন্ত্র ও মিথ্যা অপবাদ সত্ত্বেও বিএনপি আজও টিকে আছে এবং জনগণের শক্তিতে সমৃদ্ধ হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার (২০ সেপ্টেম্বর) দুপুরে কিশোরগঞ্জ জেলা বিএনপির ত্রি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মির্জা ফখরুল বলেন, "যাদের কাল জন্ম হয়েছে, যারা ১৯৭১ সালে ভিন্ন অবস্থানে ছিল তাদের জানা উচিতড় বিএনপি ফিনিক্স পাখির মতো। কেউ বিএনপিকে ভাঙতে পারেনি। যারা গুম-খুন করে ভাঙতে চেয়েছিল তারাই আজ পালিয়ে বেড়াচ্ছে।" তিনি দাবি করেন, বিএনপি কোনোদিন উড়ে এসে জুড়ে বসেনি, বরং দীর্ঘ সংগ্রামের পথ পাড়ি দিয়ে এ জায়গায় এসেছে।

৩-এর পৃষ্ঠা দেখুন




## স্বতন্ত্র লড়াইয়ে ছাত্রদলের মামুন

সূর্যোদয় প্রতিবেদন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচনে আলোচনায় ছিলেন জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মী ও জুলাই গণঅভ্যুত্থানের অগ্রনায়ক আব্দুল্লাহ আল মামুন। শুরুতে তিনি সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে মনোনয়ন ফরম তুললেও শেষ পর্যন্ত ঘোষিত ছাত্রদল প্যানেলে জায়গা হয়নি তার। এ অবস্থায় 'বঞ্চিত' মামুন স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে লড়ার ঘোষণা দিয়েছেন।

৩-এর পৃষ্ঠা দেখুন

## পাকিস্তানের কোনো ক্লাস নেই, দাবি সাবেক ভারতীয় তারকার

সূর্যোদয় প্রতিবেদন

এবারের এশিয়া কাপে ভারতের কাছে পাকিস্তান দল হতাশাজনকভাবে হার স্বীকার করেছে। গ্রুপ পর্বে ভারতের বিপক্ষে পাকিস্তান হেরেছে ৭ উইকেটের বড় ব্যবধানে। শুধু ভারত নয়, সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে খেলাতেও পাকিস্তান দলের দাপট চোখে পড়েনি। প্রথমে ব্যাট করে ৯ উইকেটে মাত্র ১৪৯ রান করতে পেরেছিল মাইক হেসনের শিষ্যরা। যদিও পরে ভারতীয় দল ৪১ রানের ব্যবধানে ম্যাচ জিতেছে। পাকিস্তান দলের এই ধারাবাহিক ব্যর্থতায় তীব্র

৩-এর পৃষ্ঠা দেখুন



## 'মেড ইন বাংলাদেশ'কে বিশ্বমানে প্রতিষ্ঠার উদ্যোগ

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ সরকার 'মেড ইন বাংলাদেশ' ব্র্যান্ডকে বিশ্বমানের প্রতীক হিসেবে প্রতিষ্ঠা করতে দৃঢ়প্রতিজ্ঞ। শিল্প উপদেষ্টা আদিলুর রহমান খান বলেছেন, দেশের অটোমোবাইল, এগ্রো-মেশিনারি ও লাইট ইঞ্জিনিয়ারিং খাত এই লক্ষ্য অর্জনে বড় ভূমিকা রাখবে। শনিবার (২০ সেপ্টেম্বর) রাজধানীর তেজগাঁওয়ে শুরু হয়েছে দুই দিনব্যাপী

৩-এর পৃষ্ঠা দেখুন

## হুমকির মুখে পারমাণবিক সুরক্ষা নিল সৌদি আরব

সূর্যোদয় প্রতিবেদন

ইসরায়েলের ক্রমবর্ধমান হুমকি মোকাবিলায় সৌদি আরব ও পাকিস্তান কৌশলগত প্রতিরক্ষা চুক্তি স্বাক্ষর করেছে। বুধবার স্বাক্ষরিত এই 'কৌশলগত পারস্পরিক প্রতিরক্ষা চুক্তি'কে বিশ্লেষকরা মধ্যপ্রাচ্যের নিরাপত্তা সমীকরণে এক নতুন মাত্রা হিসেবে দেখছেন। কারণ, এতে একদিকে সৌদি আরবের বিপুল অর্থনৈতিক সামর্থ্য আর অন্যদিকে পাকিস্তানের পারমাণবিক সক্ষম সামরিক বাহিনী কার্যত এক সূত্রে গাঁথা হলো। চুক্তির বিস্তারিত প্রকাশ করা না হলেও ধারণা করা হচ্ছে,

২-এর পৃষ্ঠা দেখুন



## বাহানা দিয়ে নির্বাচন বাধাগ্রস্ত করার চেষ্টা : সালাহউদ্দিন আহমদ

সূর্যোদয় প্রতিবেদন


বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, বিভিন্ন বাহানা দেখিয়ে নির্বাচন প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করার চেষ্টা করা হচ্ছে। তিনি বলেন, "যদি এত আত্মবিশ্বাসী হন যে সরকারি দল হবেন, তাহলে নির্বাচনে অংশ নিন। আজকের বাহানা, কালকের বাহানা,

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রযুক্তি

## পরিবেশবান্ধব প্লাস্টিক তৈরি বিজ্ঞানীদের

সূর্যোদয় প্রতিবেদন



প্লাস্টিক আমাদের দৈনন্দিন জীবনে ব্যাপকভাবে ব্যবহৃত হলেও এর উৎপাদন পরিবেশের ক্ষতি করছে এবং বিশ্বব্যাপী দূষণ বাড়াচ্ছে। এ পরিস্থিতিতে জাপানের কোবে বিশ্ববিদ্যালয়ের গবেষকরা ব্যাকটেরিয়া ব্যবহার করে পরিবেশবান্ধব প্লাস্টিকের একটি নতুন উপাদান তৈরির ক্ষেত্রে বড় সাফল্য পেয়েছেন। নতুন এই উপাদানের নাম পাইরিডিনডিকার্বক্সিলিক অ্যাসিড। এটি সম্পূর্ণ প্লাস্টিকের বিকল্প না হলেও ক্ষতিকর টেরেফথ্যালিক অ্যাসিডের মতো উপাদানের পরিবর্তে ব্যবহার করা সম্ভব। চউঈঅ নাইট্রোজেনভিত্তিক ও জীবাণুবিয়োজ্য (বায়োডিগ্রেডেবল), যা পরিবেশের জন্য অনেক বেশি নিরাপদ। আগের পদ্ধতিতে তৈরি করতে গিয়ে বিষাক্ত বর্জ্য তৈরি হতো এবং উৎপাদনও ছিল খুব কম। কিন্তু জাপানি বিজ্ঞানীদের উদ্ভাবিত নতুন কৌশলে উৎপাদন সাতগুণ বেড়েছে এবং ক্ষতিকর বর্জ্য আর তৈরি হয় না। তারা পরিবর্তিত ব্যাকটেরিয়াকে গ্লুকোজ খাইয়ে এবং বিশেষ এনজাইম যোগ করে এই উপাদানটি তৈরি

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

## বাংলাদেশসহ ৯ দেশের ওপর ভিসা নিষেধাজ্ঞা দিল আমিরাত

সূর্যোদয় প্রতিবেদন

সংযুক্ত আরব আমিরাত (ইউএই) বাংলাদেশসহ আরও আটটি দেশের নাগরিকদের ওপর ভিসা নিষেধাজ্ঞা জারি করেছে। শ্রমিক, পর্যটক এবং ব্যবসায়িক উদ্দেশ্যে ভিসার জন্য আবেদন করা থেকে এই নিষেধাজ্ঞার আওতাভুক্ত দেশের নাগরিকরা সাময়িকভাবে বিরত থাকবেন। নতুন এই নির্দেশনা ২০২৬ সালের জানুয়ারি থেকে কার্যকর হবে। আমিরাতের ভিসা সংক্রান্ত তথ্যভিত্তিক প্ল্যাটফর্ম 'ভিসা অনলাইন ইউএই' জানায়, যেসব দেশের ওপর এই নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে সেগুলো হলোড় আফগানিস্তান, লিবিয়া, ইয়েমেন, সোমালিয়া, লেবানন, বাংলাদেশ, ক্যামেরুন, সুদান ও উগান্ডা। যদিও আরব আমিরাত সরকার আনুষ্ঠানিকভাবে

৩-এর পৃষ্ঠা দেখুন

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, রোববার, ২১ সেপ্টেম্বর ২০২৫ ইং

## মেহেরপুরের অগ্রযাত্রা : জাতীয় প্রেরণার প্রতীক

বাংলাদেশের স্বাধীনতার প্রথম প্রভাত যে মাটিতে উদিত হয়েছিল, সেই মেহেরপুর আজ আবারও আলোচনায়। নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন প্রধান ড. বদিউল আলম মজুমদারের বক্তব্যে স্পষ্ট হয়েছে মেহেরপুর কেবল ইতিহাসের ধারক নয়, উন্নয়ন সম্ভাবনারও কেন্দ্রবিন্দু। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের ৮ তলা নতুন ভবন উদ্বোধনের মাধ্যমে মেহেরপুরে আধুনিক চিকিৎসা সেবার নতুন অধ্যায় সূচিত হলো। স্বাস্থ্য খাতে এই অগ্রগতি শুধু জেলার জন্য নয়, সমগ্র দেশের জন্য দৃষ্টান্ত হতে পারে। ড. মজুমদারের প্রত্যাশা যথার্থ শিক্ষা, স্বাস্থ্য, পয়ঃনিষ্কাশন ও অর্থ-সামাজিক উন্নয়নে মেহেরপুরকে উদাহরণে রূপ দিতে হবে। বিশেষ উপদেষ্টা মনির হায়দারের প্রচেষ্টা এবং প্রশাসনের সক্রিয় সহযোগিতা এ লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এই উন্নয়নধারা যদি ধারাবাহিক থাকে, তবে মেহেরপুর হয়ে উঠবে দেশের এক নম্বর জেলা—শুধু কাগজে-কলমে নয়, বাস্তব উন্নয়নের সূচকে। জাতীয় ঐতিহাসিক গৌরবের পাশাপাশি মেহেরপুর যদি উন্নয়নের মডেল হিসেবেও প্রতিষ্ঠিত হয়, তবে সেটিই হবে স্বাধীনতার প্রকৃত অর্জনের প্রতিফলন। মেহেরপুরের এই অগ্রযাত্রা দেশের অন্যান্য জেলার জন্যও অনুকরণীয় দৃষ্টান্ত হয়ে উঠুক এটাই আমাদের প্রত্যাশা।

## বিএনপির উদ্যোগে চিকিৎসা ক্যাম্প

(প্রথম পৃষ্টার পর)
যুবদলের সভাপতি লাল মোহাম্মদ, মেহেরপুর পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ফিরোজুর রহমানসহ জেলা ও উপজেলা পর্যায়ের বিএনপি ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ। স্থানীয়রা জানান, এ উদ্যোগকে তারা অত্যন্ত ইতিবাচকভাবে গ্রহণ করেছেন। তাদের মতে, এ ধরনের কার্যক্রম নিয়মিত হলে গ্রামীণ জনগণ বিশেষভাবে উপকৃত হবে এবং স্বাস্থ্যসেবা আরও সহজলভ্য হবে।

## মেহেরপুর সীমান্তে পতাকা বৈঠকে

(প্রথম পৃষ্টার পর)
হয় যে তারা বাংলাদেশি নাগরিক। ফেরত আসা এসব নাগরিক বিভিন্ন সময়ে অবৈধভাবে সীমান্ত অতিক্রম করে ভারতে প্রবেশ করেছিলেন। ভারতের পুলিশ তাদের আটক করে বিভিন্ন মেয়াদে সাজাভোগের পর দেশে ফেরত পাঠায়। ফেরত আসা নাগরিকরা হলেন-পটুয়াখালীর মেহেদী, চুয়াডাঙ্গার নুরজাহান, নড়াইলের ফরিদ শেখ, ঝিনাইদহের জিসান মণ্ডল ও সাইদুল ইসলাম, চাঁদপুরের খোকন বেপারী, সাতক্ষীরার মাজেদা ঢালী, শামিম হোসেন, মিঠুন ঘোষ, খালিদা সরদার ও মিলন কুমার, রাজশাহীর আব্দুর কুদ্দুস, যশোরের আহমেদ আলী, মৌলভীবাজারের লিটন দেব, চট্টগ্রামের শুভ মজুমদার, ঢাকার স্বাধীন রাজবংশী, মাদারীপুরের মহিউদ্দিন ফকির ও কুষ্টিয়ার নাসিমা শেখ। বাংলাদেশের পক্ষে গাংনীর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোঃ নাবিদ হোসেন, ভবানীপুর থানা পুলিশের এসআই মোঃ আব্দুল করিম, বিজিবি কাজীপুর কোম্পানীর কমান্ডার সুবেদার মোঃ শাহাবুদ্দিনসহ আটজন প্রতিনিধি উপস্থিত ছিলেন। ভারতের পক্ষে ১১ ব্যাটালিয়ন বিএসএফ-এর গান্দিনা ক্যাম্পের কোম্পানি কমান্ডার এসি সুনিলের নেতৃত্বে আটজন সদস্য বৈঠকে অংশ নেন। গাংনী থানা অফিসার ইনচার্জ বানী ইসরাইল জানান, ভারত থেকে নারীসহ ১৮ জন বাংলাদেশী নাগরিককে পতাকা বৈঠকের মাধ্যমে বাংলাদেশে পাঠানো হয়েছে। তাদের গাংনী থানা পুলিশ হেফাজতে রাখা হয়েছে। নিজ নিজ পরিবারের সাথে যোগাযোগ করা হবে। পরিবারের লোকজন এসে পৌঁছালে তাদেশে শেষে মুসলেকা নিয়ে ছেড়ে দেওয়া হবে।

## শুভ মহালয়া আজ

(প্রথম পৃষ্টার পর)
দায়িত্ব পান। শিবের বর অনুযায়ী কোনো মানুষ বা দেবতা কখনো মহিষাসুরকে হত্যা করতে পারবে না। ফলে অসীম ক্ষমতাশালী মহিষাসুর দেবতাদের স্বর্গ থেকে বিতাড়িত করে এবং বিশ্বব্রহ্মাণ্ডের অধীশ্বর হতে চায়। তাই ব্রহ্মা, বিষ্ণু ও শিব ত্রয়ী সম্মিলিতভাবে 'মহামায়া'র রূপে অমোঘ নারীশক্তি সৃষ্টি করলেন এবং দেবতাদের দশটি অস্ত্রে সুসজ্জিত হয়ে সিংহবাহিনী নিয়ে দেবী দুর্গা ৯ দিনব্যাপী যুদ্ধে মহিষাসুরকে পরাজিত ও হত্যা করে। মহালয়ার ভোর থেকেই শুরু হয় পূর্বপুরুষদের উদ্দেশে তর্পণ করা। সনাতন ধর্মে বলা হয়, পিতৃপক্ষে প্রয়াত আত্মারা স্বর্গ থেকে মর্ত্যলোকে আসেন। মৃত আত্মীয়পরিজন ও পূর্বপুরুষদের আত্মার মঙ্গল কামনা করেন অনেকে। পূর্বপুরুষদের উদ্দেশে জল-তিল-অন্ন উৎসর্গ করে তর্পণ করা হয়।
আগামী ২৮ সেপ্টেম্বর ষষ্ঠীপূজার মাধ্যমে দুর্গাপূজা শুরু হলেও মূলত আগামীকাল থেকেই দুর্গাপূজার আগমনধ্বনি শোনা যাবে। দুর্গাপূজার এই সূচনার দিনটি সারা দেশে বেশ আড়ম্বরের সঙ্গে উদযাপিত হবে। মহালয়া উপলক্ষে বিভিন্ন মন্দির ও পূজা কমিটি বিভিন্ন কর্মসূচি পালন করবে। মহানগর সর্বজনীন পূজা কমিটির উদ্যোগে ঢাকেশ্বরী জাতীয় মন্দির মেলাঙ্গনে কেন্দ্রীয় পূজা মণ্ডপে, ঢাকাস্থ রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন, বরদেশ্বরী কালীমাতা মন্দির, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল, সিদ্ধেশ্বরী মন্দির, রমনা কালী মন্দির, স্বামীবাগে লোকনাথ ব্রহ্মচারী আশ্রম ও মন্দির, রামসীতা মন্দির, জয়কালী মন্দিরসহ বিভিন্ন পূজামণ্ডপে ভোর থেকেই চণ্ডীপাঠ, চণ্ডীপূজা ও বিশেষ পূজার মধ্য দিয়ে মহালয়ার ঘট স্থাপন করা হবে।

## মেহেরপুর সীমান্তে গাঁজাসহ আটক ৩

(প্রথম পৃষ্টার পর)
পিএসসি জানান, ভোর সাড়ে ৪টার দিকে রংমহল বিওপি'র দায়িত্বপূর্ণ এলাকায় সীমান্ত পিলার ১৩৭/৬-এস হতে প্রায় ২৫০ গজ ভেতরে খাসমহল নামক স্থানে নম্বর-৬৭৫৮০ হাবিলদার মোঃ মোখলেছুর রহমানের নেতৃত্বে একটি বিশেষ অভিযান পরিচালনা করা হয়। এসময় ভারতীয় ৩ কেজি গাঁজা ও একটি ব্যাটারি চালিত ভ্যানসহ তিনজনকে আটক করা হয়। আটককৃতরা হলেন, গাংনী উপজেলার বাওট গ্রামের মৃত রইচ উদ্দিনের ছেলে মোঃ মাসুদ রানা (৪০), তার স্ত্রী আনোয়ারা বেগম (৩২) এবং খাসমহল গ্রামের হকমান আলীর ছেলে লোকমান আলী (৩৫)। তিনি আরো জানান, জব্দকৃত গাঁজা ও ভ্যানের আনুমানিক সিজার মূল্য দাঁড়িয়েছে ৯০ হাজার ৫০০ টাকা। আটক আসামীদের পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

## চুয়াডাঙ্গায় গরু কেনাবেচার জেরে দুই

(প্রথম পৃষ্টার পর)
তাদের আরেক ভাই আব্দুর রাজ্জাক। তিনি প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। গতকাল শনিবার (২১ সেপ্টেম্বর) সকাল ৮টার দিকে উথলী গ্রামের বিলের মাঠে এই মর্মান্তিক ঘটনা ঘটে। উথলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মো. জহুরুল হক জানান, প্রায় চার মাস আগে মিন্টু ও হামজা তাদের একটি গরু প্রতিবেশী নিজাম আলী ওরফে খোকার কাছে বিক্রি করার জন্য দরদাম ঠিক করেন। কিন্তু পরে সেই গরুটি খোকার চেয়ে ৫ হাজার টাকা বেশি দামে অন্য এক ব্যক্তির কাছে বিক্রি করেন তারা। এতে দুই পক্ষের মধ্যে উত্তেজনা তৈরি হয় এবং তখন একটি মামলাও দায়ের হয়, যা এখনো আদালতে বিচারাধীন। এর জের ধরেই শনিবার সকালে খোকা, বিপুল, জুয়েল, বাবলু, নয়নসহ ১০-১২ জনের একটি দল দেশীয় অস্ত্র ও লাঠিসোটা নিয়ে তিন ভাইয়ের ওপর অতর্কিত হামলা চালায়। আহতের মধ্যে মিন্টু আনোয়ারকে গুরুতর অবস্থায় হাসপাতালে নেওয়ার পথেই মৃত্যু হয়। অপর ভাই আমির হামজা চিকিৎসাধীন অবস্থায় মারা যান। চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. ওয়াহিদ মাহমুদ বলেন, 'দুজনকে পিটিয়ে ও কুপিয়ে হত্যা করা হয়েছে। একজন হাসপাতালে আনার আগেই মারা যান, আরেকজন মারা যান চিকিৎসাধীন অবস্থায়।' ঘটনার পর পুরো এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। নিহতদের স্বজন ও স্থানীয়রা অভিযুক্তদের দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন। জীবননগর থানার ওসি মামুন হোসেন বিশ্বাস বলেন, 'গরু কেনাবেচা নিয়ে পূর্বের বিরোধ থেকেই এই হত্যাকাণ্ড ঘটে। ঘটনায় জড়িতদের শনাক্ত করা হয়েছে। তাদের গ্রেফতারে অভিযান চলছে।'

## “ডিজিটাল বিপর্যয়: মেহেরপুর ই-ওয়েস্টের ছায়াপথে”

রাবেয়া বসরী অন্তরা



ডিজিটাল ডিভাইসের প্রতিনিয়ত ব্যবহারের সাথে সাথে, মেহেরপুরে ইলেকট্রনিক বর্জ্য বা ই-বর্জ্য দ্রুত বৃদ্ধি পাচ্ছে। যখন পুরাতন মোবাইল ফোন, কম্পিউটার, ব্যাটারি এমনকি টিভিও ধ্বংস করা হয়, তখন এগুলি স্থানীয় দোকানে বা ক্রেতাদের হাতে কোনও নিয়ন্ত্রিত ব্যবস্থাপনা ছাড়াই চলে যায়। সেখানে, ধাতুগুলিকে খোলা বাতাসে পুড়িয়ে বা ভেঙে আলাদা করা হয়। এটি সীসা, ক্যাডমিয়াম এবং পারদ নির্গত করে - যা সরাসরি মাটি, জল এবং বাতাসে ছড়িয়ে পড়ে, যা জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি তৈরি করে। প্রথমে সঠিকভাবে বোঝা যায় না এসবের ক্ষতি। কিন্তু আস্তে আস্তে এই ভারী ধাতুর্বিশেষ করে বাচ্চাদেরশ্বাসকষ্ট, কিডনি নষ্ট, মাথা ঘুরানো, ইত্যাদি এর কারণ হয়ে দাঁড়ায়। এমনকি চাষের জমিও রক্ষা পায় না। এর ফলে বিপজ্জনক পদার্থগুলি আমাদের খাদ্য চক্রে মিশে যায়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, ইলেকট্রনিক বর্জ্য যদি সঠিকভাবে প্রক্রিয়াজাত না করা হয়, তবে এর সঙ্গে যুক্ত ব্যক্তিদের গর্ভাবস্থা, তরুণ ও শিশু বয়সের কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের উন্নয়ন বিঘ্নিত হতে পারে এবং ফুসফুসের গঠন এবং কার্যকারিতার উপরও প্রভাব পড়তে পারে। বাংলাদেশে এখনো গ্রামে-গঞ্জে ই-বর্জ্য নিয়ে তেমন কোনো কড়া আইন নেই। ই-বর্জ্যের বাড়তে থাকা সমস্যা শনাক্ত করে সঠিক ব্যবস্থাপনার জন্য ব্যাপক প্রচার ও কার্যকর আইনি পদক্ষেপ নেয়া অত্যাবশ্যক। অথচ, মেহেরপুর চাইলে দারুণ একটা উদাহরণ হতে পারে। মেহেরপুর পৌরসভা যদি ই-বর্জ্য জমা দেয়ার জন্য একটি কেন্দ্রীয় সংগ্রহ কেন্দ্র স্থাপন করে তাহলে সবাই পুরোনো যন্ত্র সেখানে জমা দিতে পারবে। তারপর সেগুলো চলে যাবে লাইসেন্স পাওয়া পুনর্ব্যবহার ইউনিটে, তখন নিরাপদে এগুলো প্রক্রিয়াজাত হবে। আরেকটি বিষয় হলো, সচেতনতা বৃদ্ধিও অপরিহার্য। এই সমস্যা সমাধানে মানুষের জীবনযাত্রায় ই-বর্জ্যের প্রভাব, ই-বর্জ্যের পুনঃব্যবহার ও সঠিক পদ্ধতিতে ব্যবস্থাপনা নিয়ে সচেতনতা বৃদ্ধি করতে হবে। স্কুল ও কলেজে ই-বর্জ্যের ক্ষতিকারক দিক সম্পর্কে প্রচারণা চালানো, দোকানদারদের প্রশিক্ষণ দেওয়া এবং নাগরিকদের জন্য “ই-বর্জ্য ড্রপ পয়েন্ট” স্থাপন করা এখন সময়ের দাবি। যদি নীরবে ছড়িয়ে পড়া এই বিষ নিয়ন্ত্রণ সম্ভব না হয়, তাহলে মেহেরপুরের সুস্থ প্রজন্ম বিপদে পড়বে। যদি এখনই সুসংগঠিত ব্যবস্থা না করা হয়, তাহলে এর সামাজিক ও স্বাস্থ্যগত ব্যয় অনেক বেড়ে যাবে। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস

## গরিব বলে কাউকে অবজ্ঞা করা যাবে না

মুহাম্মদ আল আমিন

সমাজে একটি স্বাভাবিক প্রবণতা লক্ষ্য করা যায় গরিব, মিসকিন ও অর্থবিত্তহীন মানুষকে অবজ্ঞার চোখে দেখা। অর্থসম্পদের অভাবে সমাজে তারা মর্যাদাহীন বলে বিবেচিত হয়। অথচ ইসলাম এ বিষয়ে দিয়েছে সুস্পষ্ট শিক্ষা। কোরআন ও হাদিসে অসংখ্যবার গরিব-অসহায় মানুষের সম্মান রক্ষার নির্দেশ এসেছে। পবিত্র কোরআনে আল্লাহ তাআলা বলেন “তুমি নিজেকে তাদেরই সংসর্গে রাখো, যারা সকাল-সন্ধ্যায় তাদের প্রতিপালককে তাঁর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে আহবান করে এবং তুমি পার্থিব জীবনের শোভা কামনা করে তাদের দিক থেকে দৃষ্টি ফিরিয়ে নিয়ো না।” (সুরা কাহফ, আয়াত: ২৮)। অন্য আয়াতে আল্লাহ তাআলা ঘোষণা করেছেন “আর তাদের বিতাড়িত করবে না, যারা সকাল-বিকাল স্বীয় পালনকর্তার ইবাদত করে তাঁর সন্তুষ্টি কামনায়। তাদের হিসাব তোমার ওপর নয় এবং তোমার হিসাব তাদের ওপর নয়। তাদের বিতাড়িত করলে তুমি জালিমদের অন্তর্ভুক্ত হবে।” (সুরা আন’আম, আয়াত: ৫২)। এই আয়াত নাজিলের প্রেক্ষাপটে জানা যায়, কিছু প্রভাবশালী আরব নেতারা রাসুলুল্লাহ (সা.)-কে প্রস্তাব দিয়েছিল, যেন তিনি দরিদ্র মুসলমানদের (যেমন বিলাল, সুহায়ব, আম্মার, খাব্বাব রা.) থেকে আলাদা হয়ে বৈঠক করেন।
তাদের যুক্তি ছিল, গরিব ও ক্রীতদাসদের সঙ্গে বসলে মর্যাদা ক্ষুণ্ণ হয়।
ঠিক তখনই আল্লাহ তাআলার পক্ষ থেকে এ আয়াত নাজিল হয়, যাতে দরিদ্র মুমিনদের অবজ্ঞা না করার নির্দেশ দেওয়া হয়।
রাসুলুল্লাহ (সা.) আরও ইরশাদ করেছেন “আমি কি তোমাদের জান্নাতিদের পরিচয় দেব না? তারা হলো প্রত্যেক দুর্বল ও অবহেলিত ব্যক্তি, যাকে মানুষ তুচ্ছ মনে করে। কিন্তু সে যদি আল্লাহর নামে কসম করে, তবে আল্লাহ তা পূর্ণ করেন। আর আমি কি তোমাদের জাহান্নামিদের পরিচয় দেব না? তারা হলো প্রত্যেক উদ্ধত, কঠিন হৃদয় ও দাম্ভিক ব্যক্তি।” (সহিহ বুখারি, হাদিস: ৪৯১৮)। বাস্তবতা হলো, সম্পদশালীদের মধ্যে অহংকার ও উদ্ধত আচরণ বেশি দেখা যায়। অধিকাংশ সময় তারা আখিরাতের প্রস্তুতি নিয়ে উদাসীন থাকে। অন্যদিকে গরিব মানুষ, যাদের কাছে দুনিয়ার লোভ কম, তারাই আল্লাহর নৈকট্য অর্জনে বেশি মনোযোগী হয়।
অতএব শিক্ষা হলো গরিব বলে কাউকে হেয় বা অবজ্ঞা করা যাবে না। সামাজিক অবস্থান বা সম্পদ নয়, প্রকৃত মর্যাদা নির্ভর করে তাকওয়ার ওপর। সমাজে শান্তি ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠা করতে হলে গরিব-অসহায় মানুষকে সম্মান দেওয়া এবং তাদের পাশে দাঁড়ানো আমাদের নৈতিক দায়িত্ব।

## ডিম, মুরগি, সবজি ও ইলিশের চড়া

(প্রথম পৃষ্টার পর)
বিক্রি হচ্ছে। ক্রস জাতের পেঁয়াজ ১১০-১২০ টাকা, দেশি পেঁয়াজ ৭৫ টাকা কেজি দরে পাওয়া যাচ্ছে। আলু বিক্রি হচ্ছে ২২ টাকা, রসুন ১০০ এবং আদা ২০০ টাকা কেজিতে। মাছের বাজারেও অস্থিরতা বিরাজ করছে। বিশেষ করে ইলিশের দাম ক্রমেই সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। সাইজভেদে কেজি প্রতি ইলিশ বিক্রি হচ্ছে ৯০০ থেকে ১৮০০ টাকায়। অন্যান্য মাছের মধ্যে রুই ৩০০, কাতলা ২৭০, কালিবাউশ ২৭০, কই ২০০-৩০০, পাবদা ৪০০-৮০০, চিংড়ি ৮০০ এবং শিং ৯০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। বাজারের এই লাগামছাড়া দাম সীমিত আয়ের মানুষের নাভিশ্বাস তুলেছে। ক্রেতারা বলছেন, প্রতি সপ্তাহেই নতুন দামের ধাক্কা সামলানো কঠিন হয়ে পড়ছে। বিক্রেতারা অবশ্য বলছেন, আবহাওয়া স্বাভাবিক হলে সবজির দাম কিছুটা কমতে পারে। তবে সামগ্রিকভাবে বাজারের অস্থিরতা নিত্যপ্রয়োজনীয় কেনাকাটায় সাধারণ মানুষের জীবনযাত্রাকে আরও সংকটের মুখে ঠেলে দিয়েছে।

## মেহেরপুরে সূর্যোদয় আবৃত্তি অনুষ্ঠান

(প্রথম পৃষ্টার পর)
অতিথি ছিলেন মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর হাসানুজ্জামান ও অ্যাডভোকেট আনোয়ার হোসেন। সংগঠনের সভাপতি প্রফেসর রফিকুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভা ও আবৃত্তি পরিবেশিত হয়। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সাংবাদিক রফিকুল আলম, আবুলায়েস লাবলু, অধ্যাপক রফিকুল ইসলাম, অধ্যপক হাসানুজ্জামান মালেক, সাহিত্যিক আবুল কাসেম অনুরাগী, মোমিনুল ইসলাম, মেহের আমজাদ, প্রমুখ। অনুষ্ঠানে স্থানীয় কবি-সাহিত্যিকরা বিভিন্ন কবিতা আবৃত্তি করে উপস্থিত দর্শক-শ্রোতাদের মুগ্ধ করেন।

## গাংনীতে শিক্ষার্থীদের মাঝে গাছের

(প্রথম পৃষ্টার পর)
উপস্থিত থেকে গাছের চারা বিতরণ করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. আনোয়ার হোসেন। এ সময় তিনি বলেন, “একটি গাছ সকলের প্রিয় বন্ধু। গাছ যেমন পরিবেশ রক্ষা করে, তেমনি দুর্দিনে বন্ধুর মতো পাশে দাঁড়ায়। তাই বেশি করে গাছ লাগাতে হবে, গাছ লাগান, পরিবেশ বাঁচান।”
চারা বিতরণ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (গাংনী উপজেলার চলতি দায়িত্ব) মোহাম্মদ মনিরুল ইসলাম, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানীসহ অন্যান্য শিক্ষক ও শিক্ষার্থীরা।

## চুয়াডাঙ্গায় শত বছরের পুরোনো

(প্রথম পৃষ্টার পর)
ঘটনাস্থলে ভিড় জমে। পুলিশ ও স্থানীয় প্রশাসন দ্রুত গিয়ে মুদ্রাগুলো উদ্ধার করে। শহিদুল ইসলাম জানান, তিনি প্রথমে স্থানীয় দুই সোনার দোকানিকে দেখিয়েছেন। তারা মুদ্রাগুলোকে রুপা হিসেবে চিহ্নিত করেছেন। এরপর প্রশাসনের সহায়তায় এগুলো পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। উদ্ধারকৃত মুদ্রাগুলো ব্রিটিশ আমলের, ১৮৬৫ থেকে ১৯০৮ সালের মধ্যে ছাপা। প্রতিটি মুদ্রার গায়ে ‘ইস্ট ইন্ডিয়া কোম্পানি’ খোদাই করা আছে। মোট এক হাজার ৮৭৬টি ধাতব মুদ্রা উদ্ধার করা হয়েছে। স্থানীয় স্বর্ণকাররা জানিয়েছেন, প্রতিটি মুদ্রার বর্তমান বাজারমূল্য বলা কঠিন হলেও প্রাচীন ও ঐতিহাসিক গুরুত্বের কারণে এর প্রকৃত মূল্য অনেক বেশি হতে পারে। দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) তিথি মিত্র বলেন, “উদ্ধারকৃত মুদ্রাগুলো অত্যন্ত মূল্যবান। এগুলো প্রাচীন ঐতিহ্যের অংশ বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। পুলিশ ও স্থানীয় সোনার দোকানের সহায়তায় পরীক্ষার পর ডিসি স্যার পরবর্তী সিদ্ধান্ত নেবেন।”

## কুষ্টিয়ার দৌলতপুরে বজ্রপাতে

(প্রথম পৃষ্টার পর)
সময় বজ্রপাত হলে গুরুতর আহত অবস্থায় তাকে দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। একই সময়ে বিলগাথুয়া গ্রামে বাঁশের মাচায় বসা অবস্থায় বজ্রপাতের শিকার হন কৃষক জামাত আলী। তাকেও হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। দৌলতপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. তুহিন বলেন, “বজ্রপাতে আহত দু’জনকে হাসপাতালে আনা হয়েছিল। হাসপাতালে আনার আগেই তাদের মৃত্যু হয়।” দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলাইমান শেখ শিশুসহ দু’জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

## তুষার স্মৃতি নাইট ফুটবলে বুলু আইজ

(প্রথম পৃষ্টার পর)
পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফৌজদারী পাড়া যুব সংঘের সভাপতি ও যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স। প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর পৌর বিএনপি সভাপতি আব্দুল লতিফ ও সদর উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম। এছাড়াও জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক, মহিলা দলের নেত্রী, জেলা জাসাসের সদস্য সচিব এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষে বিজয়ী ও রানার্সআপ দলের খেলোয়াড়দের হাতে ট্রফি ও পুরস্কার তুলে দেওয়া হয়।

## এবার ফিলিস্তিনকে স্বীকৃতি দিচ্ছে

(প্রথম পৃষ্টার পর)
দীর্ঘ রাজনৈতিক বিতর্কের অবসান ঘটিয়ে অবশেষে এই সিদ্ধান্তে পৌঁছেছে দেশটি। ২০১১ সালে প্রথমবার বামপন্থি দল লেফট ব্লক সংসদে ফিলিস্তিনকে স্বীকৃতির প্রস্তাব তোলে। চলতি বছরের জুলাইয়ে লিসবন জানায়, গাজার ভয়াবহ যুদ্ধ, মানবিক বিপর্যয় এবং ইসরায়েলের দখলদারিত্বের হুমকি এই সিদ্ধান্ত নেওয়ার মূল কারণ। এদিকে জাতিসংঘের এক সাম্প্রতিক তদন্তে গাজায় ইসরায়েলের হামলাকে ‘গণহত্যার শামিল’ হিসেবে আখ্যা দেওয়া হয়েছে। যুদ্ধ শুরুর পর থেকে এ পর্যন্ত অন্তত ৬৫ হাজার ১৪১ জন নিহত এবং ১ লাখ ৬৫ হাজার ৯২৫ জন আহত হয়েছেন। ধ্বংসস্তূপের নিচে আরও বহু মানুষ চাপা পড়ে থাকার আশঙ্কা করা হচ্ছে। ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁর এক উপদেষ্টা জানিয়েছেন, খুব শিগগিরই আন্দোরা, অস্ট্রেলিয়া, বেলজিয়াম, লুক্সেমবার্গ, মাল্টা ও সান মারিনোও ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়ার পরিকল্পনা করছে। সোমবার নিউইয়র্কে সৌদি আরবের সঙ্গে ফ্রান্সের যে উচ্চপর্যায়ের বৈঠক হবে, সেখানেই একসঙ্গে এই ঘোষণা আসতে পারে। কানাডা ও যুক্তরাজ্যও একই সিদ্ধান্ত নিয়েছে। এখন পর্যন্ত জাতিসংঘের ১৪৭টি দেশ ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে, যা মোট সদস্য দেশের প্রায় ৭৫ শতাংশ। অন্যদিকে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল এই স্বীকৃতির কড়া সমালোচনা করেছে। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেছেন, ফ্রান্স ও মিত্র দেশগুলোর সিদ্ধান্ত ‘বেপরোয়া পদক্ষেপ’ যা কেবল ‘হামাসের প্রচারণাকে শক্তিশালী করবে’। ইসরায়েলের অর্থমন্ত্রী বেজালেল স্মোটরিচ হুঁশিয়ারি দিয়ে বলেছেন, ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়া হলে পশ্চিম তীরে নতুন অবৈধ বসতি গড়ে তোলা হবে। এদিকে লুক্সেমবার্গের প্রধানমন্ত্রী লুক ফ্রাইডেন ও পররাষ্ট্রমন্ত্রী জেভিয়ার বেটেল জানিয়েছেন, তারাও জাতিসংঘে ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়ার পরিকল্পনা করছেন। প্রয়োজনে ইসরায়েলের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপের জন্য সংসদে বিল আনার ঘোষণা দিয়েছেন বেটেল। জাতিসংঘ মানবাধিকার পরিষদের বিশেষ দূত ফ্রান্সেসকা আলবানিজ আন্তর্জাতিক সম্প্রদায়কে আরও কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, যুদ্ধ থামাতে ইসরায়েলের ওপর অস্ত্র ও অর্থনৈতিক নিষেধাজ্ঞা আরোপ করা জরুরি।

## বাহরাইন যুবদলের সভাপতি

(প্রথম পৃষ্টার পর)
শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানসহ মুক্তিযুদ্ধ ও গণআন্দোলনের শহীদদের রুহের মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

## কুষ্টিয়ায় রোগীবাহী অ্যাম্বুলেন্সে

লবাড়িয়া মাঠে থাকা যাত্রীছাউনির সামনে রাস্তার ওপর গাছের গুঁড়ি ফেলে গতিরোধ করে। এরপর পাঁচ-ছয়জনের ডাকাত দল দেশীয় অস্ত্র হাতে অ্যাম্বুলেন্সটির চালক ও যাত্রীদের জিম্মি করে। অ্যাম্বুলেন্সের চালক রতন আহমেদ বলেন, ‘রাতে রোগীকে অক্সিজেনসহ কুষ্টিয়ায় নিয়ে যাচ্ছিলাম। গাড়িতে রোগী ও তার স্বজনসহ মোট চারজন ছিলেন। পিপুলবাড়িয়া মাঠ এলাকায় ডাকাতেরা গাড়ি আটকে আমার গলায় অস্ত্র ঠেকিয়ে টাকা ছিনিয়ে নেয়। তারা চলে যাওয়ার আগে কাউকে কিছু না বলার জন্য হুমকি দিয়ে যায়।’ রোগীর স্বজন জালাল বলেন, ‘আমরা অ্যাম্বুলেন্স-চালককে কাতলামারী দিয়ে কুষ্টিয়ায় যেতে মানা করেছিলাম, কিন্তু তিনি ওই পথেই গেলেন। পথে ডাকাতেরা আমাদের কাছ থেকে প্রায় ৩০ হাজার টাকা ছিনিয়ে নেয়। রাত ২টার দিকে আমরা রোগীকে কুষ্টিয়া সদর হাসপাতালে ভর্তি করি।’ দৌলতপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. তৌহিদুল হাসান তুহিন বলেন, ‘রাত সাড়ে ১২টার দিকে ডায়াবেটিস ও হৃদরোগজনিত সমস্যায় লিটন নামে এক রোগী ভর্তি হন। প্রাথমিক চিকিৎসা শেষে তাকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়ায় পাঠানো হয়েছিল। পথে এমন ডাকাতির ঘটনা অত্যন্ত উদ্বেগজনক।’ এ বিষয়ে দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলাইমান শেখ বলেন, ‘ডাকাতির বিষয়ে আমরা কিছু জানি না। এ বিষয়ে এখনো কোনো অভিযোগ পাইনি।’

## আমঝুপি বালিকা বিদ্যালয়ের কাবাডি

(প্রথম পৃষ্টার পর)
গতকাল শনিবার দুপুরে (২০ সেপ্টম্বর) অনুষ্ঠিত ফাইনাল খেলায় আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় রোমাঞ্চকর লড়াইয়ে মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে ১৬-১৫ পয়েন্টে (একটি লোনা সহ) পরাজিত করে। ম্যাচের প্রথমার্ধে আমঝুপি দল (একটি লোনা সহ) ১১-৬ পয়েন্টে এগিয়ে ছিল। এ জয়ের মাধ্যমে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় জেলা পর্যায়ে প্রতিযোগিতার যোগ্যতা অর্জন করেছে।

## চুয়াডাঙ্গায় আবাসিকে প্রকৌশলীর

(প্রথম পৃষ্টার পর)
তিনি পরিবারের সঙ্গে ঢাকায় বসবাস করছিলেন। গত বৃহস্পতিবার মাসুম তার তিন বন্ধুকে সঙ্গে নিয়ে চুয়াডাঙ্গায় বেড়াতে আসেন এবং শহরের একটি আবাসিক হোটেলে উঠেন। হোটেলের ম্যানেজার সাগর হোসেন জানিয়েছেন, তারা তিনজনই নেশাগ্রস্ত অবস্থায় ছিলেন। কিছু সময় পর তার দুই বন্ধু হোটেল ত্যাগ করলেও মামুনুর একাই থেকে যান। হোটেল কর্তৃপক্ষ আরও জানায়, মামুনুর দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন। বন্ধুরা তাকে হাসপাতালে নিতে চাইলে তিনি রাজি হননি। শনিবার সকালে মামুনুরের পরিবারের সদস্যরা হোটেলে পৌঁছালে, চতুর্থ তলা থেকে কান্নার শব্দ শুনে কর্তৃপক্ষ উপরে যায় এবং দেখে তার স্বজনরা কক্ষে কান্নাকাটি করছেন। পরে দেখা যায়, মামুনুরের মুখ দিয়ে ফেনা বের হচ্ছে এবং তিনি নিথর পড়ে আছেন। পরিবারের সদস্যরা তাৎক্ষণিকভাবে জাতীয় জরুরি সেবা ৯৯৯-এ ফোন করে পুলিশকে জানায়। এরপর চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে। চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) খালেদুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ‘মাহবুবুর রহমান মাসুম নামের এক ব্যক্তির মরদেহ হোটেলের কক্ষে পাওয়া গেছে। সিআইডির টিম এসে আলামত সংগ্রহ করবে। মৃত্যুর কারণ জানতে তদন্ত করা হচ্ছে।’

## হুমকির মুখে পারমাণবিক সুরক্ষা নিল

(শেষ পৃষ্টার পর)
এর মাধ্যমে সৌদি আরব পরোক্ষভাবে পারমাণবিক সুরক্ষা নিশ্চিত করতে চাইছে। যদিও পাকিস্তান বরাবরই বলছে, তাদের পারমাণবিক অস্ত্র কেবলমাত্র দীর্ঘদিনের প্রতিদ্বন্দ্বী ভারতের বিরুদ্ধে প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে রাখা হয়েছে। মধ্যপ্রাচ্যের একমাত্র পারমাণবিক শক্তিধর রাষ্ট্র ইসরায়েল ইতোমধ্যে এ চুক্তির ওপর কড়া নজর রাখছে। পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেন, “চুক্তিতে পারমাণবিক অস্ত্রের বিষয়টি কোনোভাবেই চিন্তাভাবনার মধ্যে নেই।” তবে তিনি ইঙ্গিত দেন, প্রয়োজনে এই প্রতিরক্ষা ব্যবস্থা অন্যান্য উপসাগরীয় দেশগুলোর জন্যও সম্প্রসারিত হতে পারে। আসিফ আরও জানান, “চুক্তিকে কোনো ধরনের আগ্রাসনের জন্য ব্যবহার করার উদ্দেশ্য আমাদের নেই। তবে যদি কোনো পক্ষ হুমকির মুখে পড়ে, তখনই এই প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় হবে।” মধ্যপ্রাচ্যের কূটনৈতিক মহলে বলা হচ্ছে, সাম্প্রতিক সময়ে কাতারসহ একাধিক আরব দেশের ওপর ইসরায়েলের নজিরবিহীন হামলা উপসাগরীয় দেশগুলোর নিরাপত্তা নিয়ে নতুন করে শঙ্কা তৈরি করেছে। বিশেষজ্ঞদের মতে, এই চুক্তি একদিকে যেমন ইসরায়েলের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে সৌদি আরবকে সহায়তা করবে, তেমনি যুক্তরাষ্ট্রের নিরাপত্তা প্রতিশ্রুতির ওপর আস্থা হারানোর বিষয়টিও স্পষ্ট করছে। লন্ডনের ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর স্ট্র্যাটেজিক স্টাডিজের মধ্যপ্রাচ্যবিষয়ক জ্যেষ্ঠ গবেষক হাসান আল হাসান বলেন, “সৌদি আরবের দৃষ্টিকোণ থেকে পারমাণবিক শক্তিধর ইসরায়েলের বিরুদ্ধে প্রচলিত ও কৌশলগত প্রতিরোধে যে ঘাটতি রয়েছে, এই চুক্তি মূলত সেই শূন্যতা পূরণের লক্ষ্যেই করা হয়েছে।” চুক্তির মাধ্যমে পাকিস্তানও উল্লেখযোগ্য সুবিধা পাবে। ভারতের তুলনায় পাকিস্তানের প্রতিরক্ষা বাজেট প্রায় সাত গুণ কম। তাই সৌদি আরবের আর্থিক সহায়তা ইসলামাবাদকে প্রতিরক্ষা খাতে ভারসাম্য ফিরিয়ে আনতে সহায়ক হবে বলে মনে করছেন বিশ্লেষকরা। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, পাকিস্তান-সৌদির প্রতিরক্ষা চুক্তি তাদের জাতীয় নিরাপত্তা এবং আঞ্চলিক ও বৈশ্বিক স্থিতিশীলতার ওপর কী ধরনের প্রভাব ফেলতে পারে, তা নিবিড় ভাবে পর্যবেক্ষণ করছে নয়াদিল্লি।

## সালাহউদ্দিন আহমদ

(শেষ পৃষ্টার পর)
পরশুর বাহানাড়এইভাবে নির্বাচনের পথ বন্ধ করা কেন? উদ্দেশ্য আমরা সবাই জানি।” শনিবার (২০ সেপ্টেম্বর) রাজধানীর কাকরাইল ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে ‘তারুণ্যের রাষ্ট্রচিন্তার তৃতীয় সংলাপ-মানবিক মূল্যবোধ সম্পন্ন শিক্ষা ও শিক্ষাঙ্গন’ শীর্ষক আলোচনায় তিনি এসব কথা বলেন। অনুষ্ঠান আয়োজিত হয় অপর্ণ আলোক সংঘের পক্ষ থেকে। সালাহউদ্দিন বলেন, “গতকাল সারাদেশে বিভিন্ন রাজনৈতিক দলের কয়েকটি সমাবেশ হয়েছে। পত্রিকায় দেখা গেছে, কোথাও বলা হয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী সরকার গঠন করবে, বিএনপি বিরোধী দলে যাবে। জনগণের উপর নির্ভর না করে এই ধরনের সিদ্ধান্ত নেওয়া ঠিক নয়। আমরা চাই সব দল নির্বাচনে অংশগ্রহণ করবে এবং গণতান্ত্রিক প্রক্রিয়া শক্তিশালী হবে।”
তিনি সব রাজনৈতিক দল ও দেশবাসীকে আহ্বান জানান, “আসুন কোনো সংকট সৃষ্টি না করি এবং সবাই ঐক্যবদ্ধ থাকি। আমাদের ফ্যাসিস্টবিরোধী জাতীয় ঐক্যকে সমুন্নত রাখবো এবং এটিকে শক্তিতে পরিণত করব। গণতান্ত্রিক চর্চা অব্যাহত রাখার মধ্য দিয়ে আমরা সফল হব।” সালাহউদ্দিন আরও বলেন, “যদি নির্বাচনী কমিশনে ঐক্যমত্য না থাকে, তাহলে প্রচলিত বিধিবিধান অনুসারে ব্যবস্থা নেওয়া হবে। যে পরিবর্তনগুলো আমরা আনতে চাই, তা রাতারাতি সম্ভব নয়; ধাপে ধাপে এগিয়ে যেতে হবে। গণতন্ত্রবিহীন অবস্থার পর আমরা যে পর্যায়ে পৌঁছেছি, সেটিকে ধরে রাখার মধ্য দিয়ে শক্তিশালী গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা সম্ভব।” ছাত্র প্রতিনিধির সরকারি দায়িত্বে যাওয়ার প্রসঙ্গে তিনি মন্তব্য করেন, “এটি সঠিক বিবেচনার সিদ্ধান্ত ছিল না। ছাত্র প্রতিনিধিরা প্রেশার গ্রুপ হিসেবে জাতিকে নির্দেশক হিসেবে থাকতে পারত। বর্তমানে যারা সরকারের ছাত্র প্রতিনিধি হিসেবে আছে, তাদের প্রতিদিনই দায়িত্ব নিতে হচ্ছে।” জাতীয় পার্টির নেত্রী রওশন এরশাদের মন্তব্য তুলে তিনি বলেন, “রওশন এরশাদ বলেছিলেন, ‘আমি সরকারি দল না বিরোধী দল।’ ভবিষ্যতে এমন বিভ্রান্তিকর চর্চা যেন না হয়।” মাঠে আন্দোলনের প্রসঙ্গ তুলে সালাহউদ্দিন বলেন, “আলোচনা টেবিলে চলার সময় মাঠে আন্দোলন স্ববিরোধী।” অন্তর্বর্তী সরকারের প্রসঙ্গে তিনি বলেন, “অনেকে বলছে, এই সরকার পুরোপুরি সাংবিধানিক নয়, আবার কেউ বলছে এটা বিপ্লবী সরকার নয়। এটি নির্ধারণ করা দরকার। এক বছরের পর কেন এ প্রশ্ন ওঠছে, তা নেহাতই উদ্দেশ্যপ্রণোদিত। যদি সাংবিধানিক সংকট সৃষ্টি হয়, তার সুবিধাভোগী হবে অসাংবিধানিক শক্তি, যা পতিত স্বৈরাচারকে সুযোগ দেবে। আমাদের রাজনৈতিক স্বার্থের কারণে রাষ্ট্রকে সেই অবস্থায় নিয়ে যাওয়া ঠিক নয়।

## হাসিবুল জাতীয় দলের নির্বাচক, সালমা পেলেন নারী দলের দায়িত্ব

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় দলের নির্বাচক প্যানেলে নতুন সদস্য নিয়োগ দেওয়া হয়েছে। দীর্ঘদিন ধরে তৃতীয় নির্বাচক নিয়োগের গুঞ্জন চলছিল, সেই জায়গায় এবার দায়িত্ব পাওয়া হলো সাবেক পেসার হাসিবুল হোসেন শান্ত-কে। গত ফেব্রুয়ারিতে জাতীয় দলের নির্বাচক হিসেবে হান্নান সরকার দায়িত্ব থেকে সরে যান। বয়সভিত্তিক দলে শুরু করা তার নির্বাচক জীবন শেষ হয় জাতীয় দলের নির্বাচক হিসেবে। তার পদত্যাগের পর থেকে জাতীয় নির্বাচক প্যানেল কার্যত দুই সদস্যের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করছে। প্রধান নির্বাচক হিসেবে আছেন গাজী আশরাফ হোসেন লিপু এবং দ্বিতীয় সদস্য হিসেবে রয়েছেন সাবেক স্পিনার আব্দুর রাজ্জাক। কয়েক মাস ধরে তৃতীয় নির্বাচক নিয়ে আলোচনা চলছিল।